



# বাংলা বিভাগ অ্যালামনাই

রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রধান কার্যালয়

কক্ষ ১৪১, শহীদুল্লাহ কলাভবন

বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়



## খ্রিয় মতিহার ডাকে রেশমি রোদুর সাজে

### বার্ষিক সাধারণ সভা ও তৃতীয় সম্মিলন উৎসব

সম্মানিত সদস্য,

শুভেচ্ছা জানবেন। বাংলা বিভাগ অ্যালামনাই কার্যক্রমের ধারাবাহিকতায় গঠনতন্ত্র অনুযায়ী বার্ষিক সাধারণ সভা ও তৃতীয় সম্মিলন উৎসব আগামী ৫ ও ৬ মার্চ ২০২০ মতিহারে উদ্যাপিত হবে।

এবারের সম্মিলনকে প্রাণবন্ত করার জন্য রাজশাহীর ঐতিহ্যবাহী রেশমের মোলায়েম স্পর্শে আমরা রঙিন হবো। রাজশাহী সিল্ক শাড়ি এবং এনডি সিল্ক পাঞ্জাবিকে সম্মিলনের পোশাক নির্ধারণের কারণে সদস্য প্রতি পোশাকের গড় মূল্য প্রায় ২০০০.০০ টাকা হওয়ায় এবারে সদস্য প্রতি নিবন্ধন ফি ২৫০০.০০ টাকা নির্ধারণ করা হয়েছে। মতিহারের ঐতিহ্যের মেলবন্ধনের এই সম্মিলনে আপনাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ বাংলা বিভাগ অ্যালামনাই-এর উৎসবে আলাদা মাত্রা যোগ করবে বলে আমরা বিশ্বাস করি।

#### সম্মিলন উৎসবের তারিখ :

বার্ষিক সাধারণ সভা ও তৃতীয় সম্মিলন উৎসবের তারিখ নির্ধারণ করা হয়েছে আগামী ০৫ ও ০৬ মার্চ ২০২০ রোজ বৃহস্পতি ও শুক্রবার। তবে, ৪ মার্চ ২০২০ বিকেল ৩.০০ টা থেকে সন্ধ্যা ৭.৩০টা পর্যন্ত প্রত্যেকের নামে প্যাকেটকৃত রেজিস্ট্রেশন সামগ্রী এবং বিস্তারিত অনুষ্ঠানসূচি বিতরণ করা হবে। সন্ধ্যা ৭.৩১টা থেকে রাত ৮.৩০টা পর্যন্ত আতশবাজি এবং ফানুস উড়ানো হবে। রাত ৮.৩১টা থেকে রাত ১১.০০টা পর্যন্ত পুনরায় রেজিস্ট্রেশন সামগ্রী বিতরণ করা হবে। অ্যালামনাই সামগ্রী গ্রহণের জন্য অনলাইন নিবন্ধনের প্রমাণক প্রিন্ট অথবা রসিদ দেখাতে হবে।

#### সম্মিলন উৎসবে অংশগ্রহণের নিবন্ধন ফি :

অ্যালামনাই সদস্য	২,৫০০/-
বর্তমান শিক্ষার্থীদের জন্য	১,৫০০/-
অ্যালামনাই সদস্যের স্বামী/স্ত্রী যিনি অ্যালামনাই সদস্য নন	→ (অ্যালামনাই পোশাক এবং খাবারসহ ১,৫০০/-) (অ্যালামনাই পোশাক ছাড়া শুধু খাবার ৫০০/-)
প্রতি সন্তানের জন্য অতিরিক্ত	শুধু খাবার ৫০০/-

স্বামী-স্ত্রী উভয়েই অ্যালামনাইয়ের সদস্য হলে সদস্য হিসেবে পৃথক পৃথকভাবে নিবন্ধন করতে হবে।

নিবন্ধনের শেষ তারিখ : ২০ ফেব্রুয়ারি ২০২০। এ তারিখ কোনভাবেই পরিবর্তন করা হবে না।

#### সাধারণ সদস্যদের জন্য :

সাধারণ সদস্যগণের বার্ষিক চাঁদা পর্যালোচনায় দেখা যায় যে, প্রত্যেক সদস্যের ন্যূনতম ২৫০০.০০ টাকা করে চাঁদা বকেয়া রয়েছে। গত বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক নতুন করে সাধারণ সদস্য পদ প্রদান করা হবে না। একই সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২০ ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে সাধারণ সদস্যগণ প্রত্যেকে এককালীন ১৫০০.০০ টাকা প্রদান করে জীবন সদস্য পদ গ্রহণ করতে পারবেন। সম্মানিত সাধারণ সদস্যগণকে আগামী ২০ ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে এ সুযোগ গ্রহণপূর্বক নিবন্ধন করার জন্য বিশেষ আহ্বান জানানো যাচ্ছে।

কার্যকরী অধিবেশন ও নির্বাচন ছাড়াও তৃতীয় সম্মিলন উৎসব অত্যন্ত আকর্ষণীয় করার জন্য  
নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করা হয়েছে :

- অ্যালামনাই পোশাক
- ঐতিহ্যবাহী রাজশাহী সিল্কের শাড়ি ও পাঞ্জাবি
- উন্নত মানের ব্যাগ
- মতিহার বাংলা ও সদস্য গাইড বই
- শোভাযাত্রা
- স্মৃতিচারণ
- সেমিনার
- সম্মাননা প্রদান
- মেধাবৃত্তি পুরস্কার
- আবৃত্তি
- সাংস্কৃতিক অনুষ্ঠান
- আকর্ষণীয় র্যাফেল ড্র ইত্যাদি।

বিশেষ দৃষ্টব্য :

তৃতীয় সম্মিলন উৎসব-এ পোষাকের সাইজ, সঠিক তথ্য-উপাত্তের নিমিত্তে অনলাইন রেজিস্ট্রেশনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বাংলা বিভাগ অ্যালামনাইয়ের ওয়েব অ্যাড্রেস [www.bangladeptalumnu.org](http://www.bangladeptalumnu.org)-এ গিয়ে **Registration** ট্যাবে ক্লিক করে **Event Registration** এ প্রয়োজনীয় তথ্যাদি পূরণপূর্বক বিকাশের মাধ্যমে পেমেন্ট প্রদান করে আগামী ২০ ফেব্রুয়ারির মধ্যে নিবন্ধন সম্পন্ন করা যাবে। বিভাগের বর্তমান ছাত্র-ছাত্রীদের নিবন্ধনের পূর্বে Registration ট্যাবে ক্লিক করে New Member Registration এ স্টুডেন্ট ফরম পূরণ করে সদস্য নম্বর নিয়ে নিবন্ধন সম্পন্ন করতে হবে। নতুন সদস্য হতে চাইলে একই ভাবে New Member Registration এ জীবন সদস্য ফরম পূরণ করে বিকাশের মাধ্যমে ৪০০০.০০ (চার হাজার) টাকা প্রদানপূর্বক সাথে সাথে সদস্য নম্বর নিয়ে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন।

ব্যাংক হিসাব নং-০২০০০০৭৬৬০০৫১-এ টাকা জমা দিয়ে যাঁরা রেজিস্ট্রেশন করবেন তাঁদের অবশ্যই ২০ ফেব্রুয়ারির মধ্যে ব্যাংকের জমা স্লিপ দেখিয়ে নামসহ রেজিস্ট্রেশনের ছাপানো কুপন সংগ্রহ করতে হবে। কুপনে পাঞ্জাবির সাইজ উল্লেখ করতে হবে।

মতিহার বাংলার জন্য লেখা ও গাইড বইয়ের জন্য হালনাগাদ তথ্য প্রেরণের সর্বশেষ তারিখ  
২০ ফেব্রুয়ারি ২০২০। লেখা এবং তথ্য অবশ্যই [aapelabdullah@gmail.com](mailto:aapelabdullah@gmail.com) অথবা  
[anikmahmud146@gmail.com](mailto:anikmahmud146@gmail.com)-এ ই-মেইল করতে হবে।

প্রিয় সদস্য,

আপনাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ তৃতীয় সম্মিলন উৎসবকে হৃদয়ের মেলায় পরিণত করে মতিহারের সবুজ চত্বরে হিরন্যুয় স্মৃতি ও মিলনানন্দের ফোয়ারা তুলবে বলে আমরা প্রত্যাশা করছি।

সকল হালনাগাদ তথ্যের জন্য নিয়মিত অ্যালামনাইয়ের ওয়েব এড্রেস [www.bangladeptalumnu.org](http://www.bangladeptalumnu.org) ভিজিট করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

প্রয়োজনীয় তথ্যের জন্য যোগাযোগ :

- ১। আপেল আবদুল্লাহ, মোবাইল নং- ০১৭১৮-০০১৮১৭
- ২। প্রফেসর ড. পি. এম. সফিকুল ইসলাম, মোবাইল নং- ০১৭০৭-২৫৪১৭৯
- ৩। প্রফেসর ড. অনীক মাহমুদ, মোবাইল নং- ০১৭১৮-০৫৬৭৬৭
- ৪। প্রফেসর ড. শহীদ ইকবাল, মোবাইল নং- ০১৭১৫-৩১৯৩৬২
- ৫। মোহাম্মদ মাহবুব আলম, মোবাইল নং- ০১৭৬৫-৭৭৩৩১১

তৃতীয় সম্মিলন উৎসব-এ অংশগ্রহণ করুন ও নতুন সদস্য বৃদ্ধিতে ভূমিকা রাখুন। দেখা হবে মতিহারের সবুজ চত্বরে। শান্তিতে থাকুন। কল্যাণ হোক আপনার।

প্রফেসর ড. পি.এম. সফিকুল ইসলাম  
সাধারণ সম্পাদক  
বাংলা বিভাগ অ্যালামনাই  
রাজশাহী বিশ্ববিদ্যালয়

আপেল আবদুল্লাহ  
সভাপতি  
বাংলা বিভাগ অ্যালামনাই  
রাজশাহী বিশ্ববিদ্যালয়